

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	০৫/০৯/২০২২ খ্রি.
সভার সময়	১৪:০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর ও ভার্সুয়াল মাধ্যম
উপস্থিতি	পরিশিষ্ট ক

উপস্থিত এবং ভার্সুয়াল মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের (মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) আওতাধীন শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনা অনুসারে বছরের ৪টি ত্রৈমাসিকে ১টি করে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা করার পরিকল্পনা রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে সেবা সহজীকরণ, জনবান্ধব আচরণ, চাকরি বিধির পূর্ণাঙ্গ অনুসরণের উপর গুরুত্ব আরোপ করেন। সভাপতি উপস্থিত সকল অংশীজনকে সুশাসন প্রতিষ্ঠা এবং সেবা প্রাপ্তিতে করণীয় বিষয়ে মতামত অহবান করেন। সদস্যগণ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে সরকারের গ্রহীত এ ধরনের কার্যক্রমকে সাধুবাদ জানান। সেবা প্রাপ্তিতে সেবা প্রহীতাগণ যেন কোন প্রকার হয়রানির স্বীকার না হন সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। সেবা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন-বিধি, নির্দেশনা, সেবা প্রদান প্রতিশ্রুতি বিধৃত সময় ও পন্থা অনুসরণে উপস্থিত সকলে একমত পোষণ করেন। এছাড়াও, সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইনের বিধি বিধান সম্পর্কে উপস্থিত সদস্যদের অবহিত করা হয়। অতঃপর, সভাপতি জেলার প্রতিটি কার্যালয়ের স্ব-স্ব শুদ্ধাচার কর্মপরিকল্পনা মতে নিয়মিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা করার বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

### সিদ্ধান্ত ১

বিভাগের প্রতিটি কার্যালয়ের স্ব-স্ব শুদ্ধাচার কর্মপরিকল্পনা মতে নিয়মিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা করতে হবে এবং কার্যবিবরণী অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।

### সিদ্ধান্ত ২

সেবা প্রদানের ক্ষেত্রে সুশাসনের অন্তরায় কোন কাজ করা যাবেনা এবং সংশ্লিষ্ট আইন ও বিধি অনুসরণ করতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতিটি কার্যালয়ে এবং ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।

ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৩৩০০.৪০০.৫৭.০০২.২২.৮৮

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৯

১৪ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৩) উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৪) খামার ব্যবস্থাপক (সকল), গাজীপুর
- ৫) মৎস্য জরীপ কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর
- ৬) জনাব -----



ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা